দৈনিক দুর্নীতির বার্তা

দৈনিক দুর্নীতির বার্তা
https://dainikdurniti.com
প্রকাশনা: সোমবার, ০৭ সেপ্টেম্বর, ২০২৬ | ২৩ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
সংবাদ নেয়া হয়েছে: রবিবার, ০৬ সেপ্টেম্বর, ২০২৬ | ২২ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ

মূল্য ১২ টাকা

অনুসন্ধানী প্রতিবেদন

## আজিবুর রহমানের মৃত্যুতে মামলার অগ্রগতি নিয়ে প্রশ্ন, আসামিদের গ্রেপ্তারের দাবিতে শান্তিপূর্ণ মানববন্ধন ও র‍্যালি




রবিউল ইসলামক্রাইম রিপোর্টারগাজীপুরের কালিয়াকৈরে হামলায় গুরুতর আহত মোঃ আজিবুর রহমান (৪৬) চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করার ঘটনায় দায়ের করা কালিয়াকৈর থানার মামলা নং-৪৬, তারিখ ২৪/০৭/২০২৬ নিয়ে প্রশ্ন তুলেছেন এলাকাবাসী। মামলার অভিযুক্তদের গ্রেপ্তার, সুষ্ঠু তদন্ত এবং আইনের যথাযথ প্রয়োগের দাবিতে শুক্রবার (৪ সেপ্টেম্বর) শান্তিপূর্ণ মানববন্ধন ও র‍্যালি অনুষ্ঠিত হয়েছে।কর্মসূচিতে স্থানীয় বাসিন্দা, নিহতের স্বজন এবং সুশীল সমাজের প্রতিনিধিরা অংশ নেন। তাদের অভিযোগ, মামলা দায়েরের পরও তারা মামলার দৃশ্যমান অগ্রগতি দেখতে পাচ্ছেন না। পুলিশকে একাধিকবার বিষয়টি জানানোর পরও কার্যকর ব্যবস্থা নেওয়া হচ্ছে না এবং বিষয়টি নিয়ে তালবাহানা করা হচ্ছে বলেও অভিযোগ করেন তারা।মানববন্ধনে অংশ নেওয়া ব্যক্তিরা বলেন, তারা কোনো পক্ষের হয়ে কর্মসূচি পালন করছেন না। তাদের দাবি একটাই—ঘটনার সুষ্ঠু তদন্ত হোক, প্রকৃত সত্য বেরিয়ে আসুক এবং আইন সবার জন্য সমানভাবে প্রয়োগ করা হোক।? ২৩ জুলাইয়ের ঘটনায় গুরুতর আহত আজিবুর রহমান২৩ জুলাই ২০২৬ রাতে কালিয়াকৈরের ঠাকুরপাড়া বাজার এলাকায় আজিবুর রহমানের ওপর হামলার অভিযোগ ওঠে। রাত আনুমানিক ৮টা ২০ মিনিটের দিকে তার পথরোধ করে কয়েকজন ব্যক্তি মারধর করেন বলে অভিযোগ রয়েছে।অভিযোগ রয়েছে, পূর্ববিরোধের জেরে কয়েকজন ব্যক্তি আজিবুর রহমানের অটোরিকশার গতিরোধ করেন। এরপর তাকে ধারালো অস্ত্র, লোহার রড ও লাঠিসহ বিভিন্ন দেশীয় অস্ত্র দিয়ে মারধর করা হয়।হামলার একপর্যায়ে মোঃ সুমন হোসেন (২৮) ধারালো দা দিয়ে আজিবুর রহমানের মাথার বাম পাশে আঘাত করেন বলে অভিযোগ করা হয়েছে। এতে তার মাথায় গুরুতর জখম ও রক্তপাত হয়।অন্যদিকে মোঃ সাগর হোসেন (২৬) লোহার রড দিয়ে তার মাথায় আঘাত করার চেষ্টা করেন…